ক্রোড়পত্র খ
ডিজিডিপি দরপত্র নং ২৭৮.০৭.০১২.২৪
তারিখ মার্চ ২০২৪

**লবন এর কারিগরি বিবরণ ও শর্তাবলী ঃ**

১। দ্রব্যের নাম: কারিগরি বিনির্দেশ অনুযায়ী লবন (আয়োডিনযুক্ত) ০৯ স্থানে সরবরাহ।

২। পরিমাণ: **১৯১-০০০ মেঃ টন** (নিম্লোক্ত বর্ণনা মোতাবেক মাস ভিত্তিক সরবরাহ)। উল্লেখিত দ্রব্যের পরিমান হতে সরবরাহের পরিমান কম হতে পারে। সেক্ষেত্রে সরবরাহকৃত দ্রব্যের পরিমান হ্রাস পেলেও দ্রব্যের মূল্যের কোন তারতম্য করা যাবে না।

| ক্র: নং | সরবরাহের স্থান | চাহিদার পরিমান |
|---|---|---|
| ক। | বি বা ঘাঁটি বাশার, ঢাকা | মাসিক চাহিদার ভিত্তিতে |
| খ। | বি বা ঘাঁটি বঙ্গবন্ধু, ঢাকা | মাসিক চাহিদার ভিত্তিতে |
| গ। | বি বা ঘাঁটি মতিউর, যশোর | মাসিক চাহিদার ভিত্তিতে |
| ঘ। | বি বা ঘাঁটি জহুর, চট্টগ্রাম | মাসিক চাহিদার ভিত্তিতে |
| ঙ। | বি বা ঘাঁটি পাকাপু, টাঙ্গাইল | মাসিক চাহিদার ভিত্তিতে |
| চ। | বি বা ঘাঁটি কক্সবাজার | মাসিক চাহিদার ভিত্তিতে |
| ছ। | বি বা স্টেশন শমসের নগর, মৌলভীবাজার | মাসিক চাহিদার ভিত্তিতে |
| জ। | বি বা র‍্যাডার ইউনিট বগুড়া | মাসিক চাহিদার ভিত্তিতে |
| ঝ। | সি এন্ড এম ইউনিট লালমনিরহাট | মাসিক চাহিদার ভিত্তিতে |

৩। **লবন এর কারিগরি বিনির্দেশ বা Specification বা Parameter:**

| Sl No | Name of Parameter | Unit | Specification |
|---|---|---|---|
| 1 | Appearance | NA | White, Crystalline |
| 2 | $Ca^{2+}$, Max | % | 0.10 |
| 3 | $Mg^{2+}$, Max | % | 0.15 |
| 4 | $Cl^{-}$,Min | % | 59.9 |
| 5 | $SO_4^{2-}$, Max | % | 0.20 |
| 6 | NaCl, Min | % | 98.5 |
| 7 | Iodine content | ppm | 30.00-50.00 |
| 8 | Moisture, Max | % | 0.50 |
| 9 | Alkalinity, Max | % | 0.10 |
| 10 | Insoluble Impurities, Max | % | 0.10 |
| 11 | Mater soluble in water other than NaCl Max | % | 1.7 |
| 12 | Arsenic (As), Max | ppm | 0.5 |
| 13 | Lead (Pb), Max | Ppm | 2.0 |
| 14 | Granular Size | mm | 98% Pass in 1mm mesh and not more than 10% pass in 0.15 mm mesh |

৪। অত্যাবশ্যকীয়/গ্রহণযোগ্য প্রস্তুতকারক দেশ: বাংলাদেশ

৫। প্যাকিং:

ক। প্যাকিং এর বিবরণ: ৪২৪ গ্রামের ৯০% ও ২১২ গ্রামের ১০% হিসাবে প্যাকেটজাত করতে হবে। প্যাকেট এর নমুনা চুক্তি সম্পাদনের পর বিমান সদর কর্তৃক প্রদর্শন করতঃ অনুমোদিত হতে হবে।

খ। লবন প্যাকিংয়ের জন্য ব্যবহৃত প্যাকেট অবশ্যই ফুড গ্রেড কোয়ালিটির হতে হবে।

গ। ব্যবহৃত প্যাকেট (PET এবং LDসমন্বয়) উন্নত মানের আর্দ্রতা প্রতিবন্ধক হতে হবে।

ঘ। প্রতিটি প্যাকেটে অবশ্যই নিম্নলিখিত তথ্যাবলি উল্লেখ থাকতে হবে:

১। ব্র্যান্ড
২। উৎপাদনের তারিখ
৩। মেয়াদ উত্তীর্ণের তারিখ
৪। প্রকৃত ওজন (কেজি)
৫। বিএসটিআই অনুমোদিত সিল
৬। “বিক্রয়যোগ্য নহে”
বাংলাদেশ বিমান বাহিনীর জন্য বিশেষভাবে প্রস্তুতকৃত” প্যাকেটের গায়ে স্পষ্টতঃ উল্লেখ থাকতে হবে।
৭। বাহির থেকে প্যাকিংকৃত দ্রব্য দেখার ব্যবস্থা থাকতে হবে।

৬। চুক্তিপত্র স্বাক্ষরের পর চুক্তিকৃত দ্রব্য সরবরাহের পূর্বে অগ্রীম নমুনা দাখিল করতে হবে যা বিমান বাহিনী কর্তৃক অনুমোদন গ্রহন স্বাপেক্ষে সরবরাহ করতে হবে।

৭। লবন সরবরাহকারী প্রতিষ্ঠানে নিম্নোক্ত সুবিধাদি থাকতে হবে।

ক। উন্নত প্রযুক্তির অটো প্রসেসিং ও অটো প্যাকেজিং (স্বয়ংক্রিয় পদ্ধতিতে মোড়কজাতকরণ) সম্পন্ন ফেসিলিটি থাকতে হবে।

খ। ফ্যাক্টরি পরিচালনার সব রকমের কমপ্লাইনস্ সার্টিফিকেট (সম্মতি সনদ) থাকতে হবে।

গ। যে পরিবেশে লবন প্যাকেজিং করতে হবে সেখানে সর্বোচ্চ মানের হাইজিন (স্বাস্থ্যবিধি) ব্যবস্থা থাকতে হবে ।

ঘ। নিজস্ব কোয়ালিটি ইন্সপেকশন টিম (মান নিয়ন্ত্রণ পরিদর্শক দল) ও ল্যাব ফেসিলিটি (পরীক্ষাগার ব্যবস্থা) থাকতে হবে।

৮। ফ্যাক্টরির নিজস্ব ল্যাবরেটরিতে সকল ধরণের ক্যামিকেল, ফিজিক্যাল এবং মাইক্রোবায়োলজিকাল টেস্ট করার ব্যবস্থা ও Apparatus (পরীক্ষাগারে ব্যবহৃত যন্ত্রপাতি) সমূহ থাকতে হবে এবং প্রতি ব্যাচের Certificate of Analysis (সনদ পত্রের বিশ্লেষণ) দিতে হবে।

৯। নিজস্ব কোয়ালিটি ইন্সপেকশন টিম (মান নিয়ন্ত্রণ পরিদর্শক দল) এবং অভিজ্ঞ প্রোডাকশন সুপারভাইজার টিম দ্বারা লবন প্যাকেজিং এর গুনগতমান নিশ্চিত করতে হবে ।

১০। পণ্যের মেয়াদ: Minimum 12 months from the date of acceptance by Bangladesh Air force

১১। দরপত্র জমা দেয়ার সময় নিন্মোক্ত কাগজপত্র প্রদান করতে হবে ঃ

ক। অথোরাইজেশন সার্টিফিকেট (দরদাতা উৎপাদনকারী না হয়ে থাকলে) ব্র্যান্ড নাম, উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা বিস্তারিত থাকতে হবে।

খ। Warranty Certificate

গ। COA (Certificate of Analysis)

ঘ। ISO 22000:2018 or HACCP, Health Certificate, latest BSTI Certificate

ঙ। Manufacture's Quality Assurance Certificate

চ। Ingredients and Nutritional information.

ছ। নবায়ণকৃত (২০২৪-২০২৫ অর্থ বৎসর) Trade License, VAT, TIN, Tax Return (2023-2024)

জ। দরদাতাকে অবশ্যই Litigation Declaration দাখিল করতে হবে। দরদাতার ইতিপূর্বে (দুই বৎসরের মধ্যে) সরকারী প্রতিষ্ঠানে যে কোন পণ্য সরবরাহকালে কোনরুপ অর্থ কর্তন (জরিমানা) / চুক্তি বাতিলের ঘটনা/ কালো তালিকাভুক্ত/সাময়িক কালো তালিকাভুক্ত হয়ে থাকলে দরদাতার দরপত্র মূল্যায়নে আনা হবে না।

চ। আর্থিক সক্ষমতা ঘোষণা: দরদাতার নূন্যতম দরপত্র দাখিলকৃত মূল্যের সমপরিমান টাকার Bank Solvency দাখিল করতে হবে।

ছ। উৎপাদন সক্ষমতা ঘোষনা পত্র, ধারন ক্ষমতা (Storage capacity) এবং অভিজ্ঞতা সনদ দাখিল করতে হবে। ঘোষিত পণ্য অথবা সমজাতীয় পণ্য সরবরাহের পূর্ব অভিজ্ঞতা না থাকিলে ঘোষণা পত্রের মাধ্যমে উল্লেখ করতে হবে।

১২। পরিদর্শন,মান নিয়ন্ত্রণ ও পণ্যের দায়ভার: কর্তৃপক্ষ চাহিলে কার্য সম্পাদনের পূর্বে বাল্ক স্টক চিহ্নিত করে আসবেন অথবা লবন সরবরাহের এর পূর্বে বিমান সদর কর্তৃক মনোনীত কর্মকর্তা দ্বারা পরিদর্শন করবে । শুধুমাত্র পরিদর্শনের ভিত্তিতে গ্রহণযোগ্য লবন সরবরাহ করতে হবে। সরবরাহকৃত লবনের এর মান খারাপ পাওয়া গেলে সরবরাহকারী নিজ দায়িত্বে সমুদয় লবন ০৫ দিনের মধ্যে সকল স্থানে পরিবর্তন করে দিতে হবে।

১৩। মূল্যায়ণ:

ক। দরদাতা মূল্যায়নের ক্ষেত্রে পূর্বে এরুপ সরবরাহের অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হবে। দরপত্রের সহিত পূর্ব অভিজ্ঞতা সনদ দাখিল করতে হবে। পূর্বের অনুরুপ সরবরাহের অভিজ্ঞতা না থাকলে তা ঘোষনা পত্রে উল্লেখ করতে হবে ।

খ। সরাসরি অংশগ্রহণকৃত উৎপাদনকারী প্রতিষ্ঠান অথবা খাদ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান অগ্রাধিকার যোগ্য।

১৪। নিরাপত্তা জামানত: ডিজিডিপির প্রচলিত নিয়মে।

১৫। LD / জামানত বাজেয়াপ্তকরণ: ডিজিডিপির প্রচলিত নিয়মে।

১৬। বিল প্রদান: : চুক্তিপত্র সম্পাদনের পর সংশ্লিষ্ট সরবরাহকারী কর্তৃক লবন নিজস্ব ব্যবস্থাপনায় নির্দিষ্ট স্থানে পৌছানোর পর ডেলিভারি রিসিপ্ট (ডিআর) ও সন্তোষজনক প্রাপ্তি স্বীকারপত্রের মূল কপি বিমান সদরে প্রেরণ করতে হবে। মাসিক ভিত্তিতে ২০১ এমইউ বি বা কর্তৃক সিআরভি এর কার্যক্রম সম্পন্ন হওয়ার পর ডিজিডিপির প্রচলিত নিয়ম অনুযায়ী বিল পরিশোধিত হবে।

১৭। নমুনা ও নথিপত্রাদি দাখিলকরণ: সরবরাহকারীকে অবশ্যই উপরোল্লিখিত বর্ণনার প্রতিটি নথিপত্রাদি দরপত্রের সাথে দাখিল করতে হবে ও ৪২৪ গ্রাম/৫০০ গ্রাম ওজনের ০৪ প্যাকেট নমুনা লবন দরপত্রের সাথে দাখিল করতে হবে ।

১৮। চাহিদাকৃত দ্রব্য সরবরাহের পূর্বে দ্রব্যের কারিগরি বিনির্দেশ অনুযায়ী ল্যাব টেষ্টের সন্তোষ জনক হালনাগাদ রিপোর্ট দাখিল করতে হবে।

১৯। মূল্য ঘোষনা: প্রতি কেজি দর - টাকা (বাংলাদেশী মুদ্রা)

২০।	মাসিক চাহিদার ভিত্তিতে সরবরাহকারীকে লবন সঠিক সময়ে সরবরাহ করতে হবে। পরবর্তী মাসের চাহিদার পরিমান পূর্ববর্তী মাসের ১৫ তারিখের মধ্যে সরবরাহকারীকে অবগত করা হবে। পরবর্তী মাসের লবন পূর্ববর্তী মাসের ২৫ তারিখের মধ্যে নির্ধারিত স্থানে সরবরাহ নিশ্চিত করতে হবে। প্রতি মাসে দ্রব্য সরবরাহের পূর্বে অগ্রীম নমুনা বিমান সদরের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন সাপেক্ষে ডেলিভারী সম্পন্ন করতে হবে।

২১।	সরবরাহকারী নির্ধারনে দ্রব্যের গুনাগুন, দর, নমুনা এর মান গ্রহনযোগ্যতা, চলতি বাজারের দর ইত্যাদি বিষয় বিবেচনা করে দরদাতা চুড়ান্ত করা হবে এবং কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গন্য হবে।

২২।	যে কোন কারন দর্শানো ব্যতিরেকে পূর্ণ দরপত্র/কার্যাদেশ গ্রহন/বাতিল ক্ষমতা বিমান বাহিনী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৩।	অন্যান্য শর্তাবলীঃ ডিজিডিপি'র প্রচলিত নিয়মে।